

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-১১

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১১

০৪ আশ্বিন ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক শেয়ারে বিনিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২২ আগস্ট ২০১০ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৬ ধারায় কোন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অন্য প্রতিষ্ঠানের শেয়ার অর্জন ও ধারণের পরিমাণ নির্ধারিত রয়েছে। উক্ত সীমার অতিরিক্ত বিনিয়োগ থাকলে তা ডিসেম্বর ২০১০ তারিখের মধ্যে নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রতি নির্দেশনা দেয়া হয়। আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য উক্ত সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১২ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলোঃ

তবে শর্ত থাকে যে, বর্ধিত সময়ের মধ্যে বর্তমান বিনিয়োগ কোনক্রমেই বৃদ্ধি করা যাবে না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৬২